

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২৫

আগরতলা, ৩০ মে, ২০২৪

**রাজ্যে পর্যাপ্ত পরিমাণে জ্বালানী তেল মজুত রয়েছে**

ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে প্রবল ঝড়বৃষ্টির কারণে রাজ্যে রেল ও সড়ক পথে নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর পরিবহণ কিছুটা ব্যাহত হওয়ায় জ্বালানী তেলের সংকট হতে পারে। এই আশঙ্কায় গত দুইদিন ধরে রাজ্যের পেট্রোল পাম্পগুলিতে সাধারণ জনগণ, বিশেষ করে দ্বিচক্র যান চালকদের জ্বালানী তেল সংগ্রহের জন্য অস্বাভাবিক ভিড় পরিলক্ষিত হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে রাজ্যের জনগণের অবগতির জন্য জানানো হচ্ছে যে রাজ্যে বর্তমানে পর্যাপ্ত পরিমাণে জ্বালানী তেল মজুত রয়েছে। পাশাপাশি, খাদ্য ও বিভিন্ন নিত্য প্রয়োজনীয় পণ্যসামগ্রীও যথেষ্ট পরিমাণে মজুত রয়েছে। তাই এসকল পণ্যসামগ্রীর সংকট নিয়ে জনগণকে অযথা আতঙ্কিত না হতে রাজ্য সরকারের তরফে অনুরোধ করা হচ্ছে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজের এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*